



# বাংলাদেশ ফুটবল ফেডারেশন BANGLADESH FOOTBALL FEDERATION



তারিখঃ ২০-১২-২০২০

## সংবাদ বিজ্ঞপ্তি

বিশ্বব্যাপী COVID-19 পরিস্থিতির কারণে মাঠে ফুটবল কার্যক্রম বন্ধ থাকায় গত ১৪ সেপ্টেম্বর ২০২০ তারিখ হতে অ-১৭ ও অ-২০ এলিট ইয়ুথ খেলোয়াড়গণ নিজ নিজ বাসায় অবস্থান করে নিয়মিত ট্রেনিং এ অংশগ্রহণ করেছে। এছাড়াও বাফুফে মনোনীত প্রশিক্ষকবৃন্দ প্রতি মাসে অন্ততঃ ২ হতে ৩ বার অনলাইনে জুম মিটিং এর মাধ্যমে ট্রেনিং সেশনে অংশগ্রহণ ও নিয়মিত ফোনে যোগাযোগ রক্ষা করেছে। বর্তমানে অ-১৭ ইয়ুথ খেলোয়াড়দের শারিরিক ফিটনেস মূল্যায়ন করার লক্ষ্যে অদ্য ২০-১২-২০২০ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে ১ দিনের ট্রেনিং প্রোগ্রামের ব্যবস্থা গ্রহণ করা হয়।

উক্ত ট্রেনিং প্রোগ্রামে সদ্য সমাপ্ত বসুন্ধরা কিংস্ বিএফএসএফ একাডেমী কাপ হতে বাছাইকৃত ৯ জন খেলোয়াড়সহ মোট ৪৭ জন অ-১৭ খেলোয়াড় অংশগ্রহণ করেছে।

আহসান আহমেদ অমিত  
হেড অব মিডিয়া  
বাংলাদেশ ফুটবল ফেডারেশন।